

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ / ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৫৫-আইন/২০২০/১১৬-মুসক। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নের টেবিলের কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সম্পূরক শুল্ক, কলাম (৪) এ উল্লিখিত যে হারের অতিরিক্ত হয়, সেই পরিমাণ হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্য সামগ্রীর বিবরণ ও সর্বোচ্চ খুচরামূল্য (Description of Goods & Maximum Retail Price)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
২৪.০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয়মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে):	
		নিম্নস্তর- ৩৯ টাকা ও তদূর্ধ্ব	৫৭
		মধ্যমস্তর- ৬৩ টাকা ও তদূর্ধ্ব	৬৫
		উচ্চস্তর- ৯৭ টাকা ও তদূর্ধ্ব	৬৫
		অতি উচ্চস্তর- ১২৮ টাকা ও তদূর্ধ্ব	৬৫
	২৪০২.৯০.০০	(ক) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিয়ুক্ত)	
		(১) ৮ শলাকার প্রতি প্যাকেট ৬.০০ টাকা	৩০
		(২) ১২ শলাকার প্রতি প্যাকেট ৯.০০ টাকা	৩০
		(৩) ২৫ শলাকার প্রতি প্যাকেট ১৮.০০ টাকা	৩০
		(খ) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত)	

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্য সামগ্রীর বিবরণ ও সর্বোচ্চ খুচরামূল্য (Description of Goods & Maximum Retail Price)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
		(১) ১০ শলাকার প্রতি প্যাকেট ১০.০০ টাকা	৪০
		(২) ২০ শলাকার প্রতি প্যাকেট ১৯.০০ টাকা	৪০

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)  
সিনিয়র সচিব